(একই তারিখ ও স্মারকে প্রতিস্থাপিত)
গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়
শেরপুর,বগুড়া
(sherpur.bogra.gov.bd)

স্মারক নং ০৫.৫০.১০৮৮.০০০.০৮.০০৫.২৪- ১১৬৩

তারিখ: ১৪ কার্তিক ১৪৩১
৩০ অক্টোবর ২০২৪

## সংশোধিত নিয়োগ বিজ্ঞপ্তি

স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়,স্থানীয় সরকার বিভাগের ১৯ আষাঢ় ১৪২৪ বঙ্গাব্দ/০৩ জুলাই ২০১৭ খ্রিষ্টাব্দ তারিখের প্রজ্ঞাপনমূলে (১৩ জুলাই ২০১৭ খ্রিষ্টাব্দ তারিখের বাংলাদেশ গেজেট অতিরিক্ত সংখ্যায় প্রকাশিত) বগুড়া জেলাধীন শেরপুর উপজেলার নিম্নবর্ণিত ইউনিয়ন পরিষদের পার্শ্বে উল্লিখিত মহল্লাদার (গ্রাম-পুলিশ) এর শূন্যপদে সরাসরি নিয়োগের মাধ্যমে পূরণের নিমিত্ত সংশ্লিষ্ট ইউনিয়ন/ওয়ার্ডের স্থায়ী বাসিন্দাদের নিকট হতে বর্ণিত শর্তসাপেক্ষে চাকরির নির্ধারিত ফরমে দরখাস্ত আহবান করা যাচ্ছে।

| ক্র: নং | পদের নাম | ইউনিয়নের নাম | ওয়ার্ড নং | পদের সংখ্যা | বেতন/ভাতাদি | শিক্ষাগত যোগ্যতা |
|---|---|---|---|---|---|---|
| ০১ | মহল্লাদার (গ্রামপুলিশ) | ১নং কুসুম্বী ইউপি | ৩,৪,৫,৬,৮ | ০৫ | সরকার কর্তৃক নির্ধারিত সর্বসাকুল্যে (ইউপি অংশ ৩২৫০ + সরকারি অংশ ৩২৫০) ও বিধি-মোতাবেক অন্যান্য ভাতাদি | কোন স্বীকৃত প্রতিষ্ঠান হতে অষ্টম শ্রেণি উত্তীর্ণ অথবা কোন স্বীকৃত বোর্ড হতে জুনিয়র স্কুল সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ |
| ০২ | | ২নং গাড়ীদহ ইউপি | ৫ | ০১ | | |
| ০৩ | | ৩নং খামারকান্দি ইউপি | ৯ | ০১ | | |
| ০৪ | | ৪ নং খানপুর ইউপি | ২ | ০১ | | |
| ০৫ | | ৫নং মির্জাপুর ইউপি | ১,২,৩,৮ | ০৪ | | |
| ০৬ | | ৬নং বিশালপুর ইউপি | ২ | ০১ | | |
| ০৭ | | ৭নং ভবানীপুর ইউপি | ২,৫,৮ | ০৩ | | |
| ০৮ | | ৮নং সুঘাট ইউপি | ৩,৫,৬,৭,৯ | ০৫ | | |

**শর্তাবলী:**

০১। প্রার্থীকে অবশ্যই বাংলাদেশের নাগরিক হতে হবে এবং সংশ্লিষ্ট ওয়ার্ড/ইউনিয়নের স্থায়ী বাসিন্দা হতে হবে।

০২। আবেদনপত্রে প্রার্থীর (ক) নাম (খ) পিতা/স্বামীর নাম (গ) মাতার নাম (ঘ) স্থায়ী ঠিকানা (ঙ) বর্তমান ঠিকানা (চ) জাতীয়তা (ছ) ধর্ম (জ) জন্ম তারিখ (ঝ) বিজ্ঞপ্তি প্রকাশের তারিখে বয়স (ঞ) শিক্ষাগত যোগ্যতা (ট) অভিজ্ঞতা (যদি থাকে) উল্লেখসহ প্রার্থীকে চাকরির নির্ধারিত ফরমে (আবেদন মডেল ফরমে) দরখাস্ত লিখে জমা দিতে হবে।

০৩। আবেদনপত্রের সাথে নিম্নলিখিত কাগজপত্রাদি সংযুক্ত করতে হবে;
(ক) ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান কর্তৃক নাগরিকত্ব সনদপত্র;
(খ) জাতীয় পরিচয়পত্র/ জন্ম নিবন্ধন সনদের সত্যায়িত ফটোকপি;
(গ) ১মশ্রেণির গেজেটেড কর্মকর্তা কর্তৃক প্রদত্ত চারিত্রিক সনদপত্র;
(ঘ) ১মশ্রেণির গেজেটেড কর্মকর্তা কর্তৃক সদ্য তোলা পাসপোর্ট সাইজের সত্যায়িত রঙ্গিন ছবি ০৩ (তিন) কপি;
(ঙ) শিক্ষাগত যোগ্যতা, অভিজ্ঞতা ও প্রযোজ্য ক্ষেত্রে পোষ্য সনদের সত্যায়িত অনুলিপি;
(চ) উপজেলা নির্বাহী অফিসার,শেরপুর,বগুড়া এর বরাবরে ৩০০/- (তিনশত) টাকার অফেরতযোগ্য ব্যাংক ড্রাফট/পে-অর্ডার সংযুক্ত করতে হবে;
(ছ) মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধাদের পুত্র-কন্যা/পুত্র-কন্যা/পুত্র-কন্যা এর ক্ষেত্রে মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয় কর্তৃক ইস্যুকৃত সনদের সত্যায়িত অনুলিপি;
(জ) মহল্লাদার পদের নিয়োগের ক্ষেত্রে প্রার্থীর প্রয়োজনীয় শারীরিক যোগ্যতা: (১) পুরুষ প্রার্থীর ক্ষেত্রে-(ক) সর্বনিম্ন উচ্চতা ৫ ফুট ২ ইঞ্চি, (খ) বুকের মাপ ৩০ ইঞ্চি (স্বাভাবিক), ৩২ ইঞ্চি (সম্প্রসারণ), (গ) সর্বনিম্ন ওজন ৫০ কেজি এবং (২) মহিলা প্রার্থীর ক্ষেত্রে-(ক) সর্বনিম্ন উচ্চতা ৫ ফুট, (খ) সর্বনিম্ন বুকের মাপ ২৮ ইঞ্চি (স্বাভাবিক), ৩০ ইঞ্চি (সম্প্রসারণ), (গ) সর্বনিম্ন ওজন ৪৫ কেজি।

০৪। প্রার্থীর সনদপত্র ও ছবি সত্যায়নের ক্ষেত্রে গেজেটেড কর্মকর্তার নামযুক্ত সীল ব্যবহার করতে হবে;

০৫। আবেদনের তারিখে প্রার্থীর বয়সসীমা ১৮-৩০ বছর হতে হবে। বয়সের ক্ষেত্রে এফিডেভিট গ্রহণযোগ্য নহে;

০৬। আবেদনপত্র আগামী ১৪/১১/২০২৪ খ্রিঃ তারিখের মধ্যে নিম্নস্বাক্ষরকারীর কার্যালয়ে অফিস চলাকালীন ডাকযোগে/সরাসরি পৌছাতে হবে। প্রার্থীকে যোগাযোগের ঠিকানা সম্বলিত এবং অব্যবহৃত ১০/=টাকার ডাক টিকিটযুক্ত ৪.৫/১০ ইঞ্চি সাইজের ফেরত খাম সংযুক্ত করতে হবে। খামের উপরে বড় অক্ষরে পদের নাম, ওয়ার্ড নম্বর, ইউনিয়নের নাম এবং কোটা (যদি থাকে) উল্লেখ করতে হবে;

০৭। অসম্পূর্ণ, ত্রুটিপূর্ণ ও বিলম্বে প্রাপ্ত আবেদনপত্র বাতিল বলে গণ্য হবে;

০৮। প্রার্থীকে নির্বাচনী পরীক্ষায় অংশগ্রহণের জন্য কোন প্রকার টিএ/ডিএ দেয়া হবে না;

০৯। কোন তথ্য গোপন করে চাকুরীতে নিয়োগপ্রাপ্ত হলেও কর্তৃপক্ষের নজরে আসামাত্র কোন প্রকার কারণ দর্শানো ব্যতিরেকেই নিয়োগাদেশ বাতিল করা হবে;

১০। বিধি মোতাবেক কোটা সংরক্ষণ করা হবে;

১১। ইতোপূর্বে যারা আবেদন করেছেন নতুন করে তাদের আবেদন করার প্রয়োজন নেই।

১২। আবেদনপত্র গ্রহণ/বাতিল ও সংরক্ষণসহ পদের সংখ্যা হ্রাস-বৃদ্ধি, নিয়োগ বিজ্ঞপ্তির যে কোন অংশের পরিবর্তন/সংশোধনের ক্ষমতা কর্তৃপক্ষ সংরক্ষণ করেন। নিয়োগ প্রদানের ক্ষেত্রে কর্তৃপক্ষের সিদ্ধান্তই চূড়ান্ত বলে গণ্য হবে।

৩০/১০/২০২৪
(মোঃ আশিক খান)
উপজেলা নির্বাহী অফিসার ও
সভাপতি
মহল্লাদার (গ্রামপুলিশ) নিয়োগ সংক্রান্ত যাচাই-বাছাই কমিটি
শেরপুর, বগুড়া
টেলিফোন: ০২৫৮৯৯০৯২০১
unosherpurbogra@mopa.gov.bd

(চলমান পৃষ্ঠা নং ০২)

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়
শেরপুর, বগুড়া
(sherpur.bogra.gov.bd)

স্মারক নং ০৫.৫০.১০৮৮.০০০.০৮.০০৫.২৪- ১১৬৩ (১০০)

তারিখ: ১৫ কার্তিক ১৪৩১ / ৩০ অক্টোবর ২০২৪

অনুলিপি : সদয় জ্ঞাতার্থে

১। জেলা প্রশাসক, বগুড়া
২। উপপরিচালক, স্থানীয় সরকার, বগুড়া
৩। প্রশাসক, উপজেলা পরিষদ, শেরপুর, বগুড়া
৪। প্রশাসক, শেরপুর পৌরসভা, শেরপুর, বগুড়া
৫। উপজেলা ..........................................অফিসার (সকল), শেরপুর, বগুড়া

অনুলিপি: জ্ঞাতার্থে ও ব্যাপক প্রচারসহ পরবর্তী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য

৬। উপজেলা প্রকৌশলী, এলজিইডি ও সদস্য, মহল্লাদার (গ্রাম পুলিশ) নিয়োগ সংক্রান্ত বাছাই কমিটি, শেরপুর, বগুড়া
৭। অফিসার ইন চার্জ, শেরপুর থানা ও সদস্য, মহল্লাদার (গ্রাম পুলিশ) নিয়োগ সংক্রান্ত বাছাই কমিটি, শেরপুর, বগুড়া
৮। উপজেলা আনসার ও ভিডিপি কর্মকর্তা ও সদস্য-সচিব, মহল্লাদার (গ্রাম পুলিশ) নিয়োগ সংক্রান্ত বাছাই কমিটি, শেরপুর, বগুড়া
৯। ইউপি চেয়ারম্যান, কুসুম্বী ইউপি, গাড়ীদহ ইউপি,খামারকান্দি ইউপি, খানপুর ইউপি, মির্জাপুর ইউপি,বিশালপুর ইউপি,ভবানীপুর ইউপি, সুঘাট ইউপি, সদস্য,মহল্লাদার (গ্রাম পুলিশ) নিয়োগ সংক্রান্ত বাছাই কমিটি, শেরপুর, বগুড়া
১০। সহকারী প্রোগ্রামার, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর, শেরপুর, বগুড়া (ওয়েব সাইটে প্রকাশের অনুরোধসহ)
১১। ইউপি প্রশাসনিক কর্মকর্তা.............................ইউপি (সকল), শেরপুর, বগুড়া (স্ব-স্ব এলাকায় ব্যাপক প্রচারের ব্যবস্থা গ্রহণের অনুরোধসহ)
১২। নোটিশ বোর্ড
১৩। অফিস নথি।

৩০/১০/২০২৪

(মোঃ আশিক খান)
উপজেলা নির্বাহী অফিসার
ও
সভাপতি
মহল্লাদার (গ্রামপুলিশ) নিয়োগ সংক্রান্ত যাচাই-বাছাই কমিটি
শেরপুর, বগুড়া
টেলিফোন: ০২৫৮৯৯০৯২০১
unosherpurbogra@mopa.gov.bd

# গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়
আখাউড়া, ব্রাহ্মণবাড়িয়া।
www.akhaura.brahmanbaria.gov.bd

নম্বর : ০৫.৪২.১২১৩.০০০.৯৯.০০৯.২৪-৬১০ | তারিখ: ০৩/১১/২০২৪ খ্রি:

## নিয়োগ বিজ্ঞপ্তি

জেলা ও উপজেলা মডেল মসজিদ ও ইসলামিক সাংস্কৃতিক কেন্দ্র পরিচালনা নীতিমালা, ২০২১ অনুযায়ী "প্রতিটি জেলা ও উপজেলায় ১টি করে ৫৬০টি মডেল মসজিদ ও ইসলামিক সাংস্কৃতিক কেন্দ্র স্থাপন (২য় সংশোধিত) শীর্ষক প্রকল্প" এর অধীন ব্রাহ্মণবাড়িয়া জেলার আখাউড়া উপজেলায় মডেল মসজিদ ও ইসলামিক সাংস্কৃতিক কেন্দ্রে নিম্নোক্ত পদে প্রকল্প মেয়াদকালীন সময়ের জন্য জনবল নিয়োগের নিমিত্ত আগ্রহী প্রার্থীগণের নিকট হতে নির্ধারিত ফরমে দরখাস্ত আহ্বান করা যাচ্ছে। আবেদন ফরম আখাউড়া উপজেলা প্রশাসনের ওয়েবসাইটে (http://akhaura.brahmanbaria.gov.bd/) থেকে ডাউনলোড করা যাবে।

| ক্রমিক নং | পদের নাম | পদ সংখ্যা | মাসিক সম্মানী (সর্বসাকুল্যে) | যোগ্যতা |
|---|---|---|---|---|
| ০১. | পেশ ইমাম | ০১ (এক) | ১৫০০০/- | (ক) দ্বিতীয় শ্রেণীর কামিল ডিগ্রী/দাওরায়ে হাদিস পাস। কোন প্রতিষ্ঠানে খতিব, মুফতি বা মুহাদ্দিস হিসেবে ০৫(পাঁচ) বছরের বাস্তব অভিজ্ঞতা থাকতে হবে।<br>(খ) হাফেজ-ই-কোরআন ও ইলমে ক্বিরাত-এর উপর স্বীকৃত প্রতিষ্ঠান কর্তৃক সনদপ্রাপ্ত হাফেজ-ই-কোরআন অগ্রাধিকার পাবেন।<br>(গ) আরবিতে কথা ও আরবিতে উপস্থিত খুতবা পাঠ এবং ইসলামের উপর গবেষণাধর্মী প্রকাশনা অতিরিক্ত যোগ্যতা হিসেবে বিবেচিত হবে। |

**শর্তাবলী :**

(১) প্রার্থীকে অবশ্যই বাংলাদেশের নাগরিক হতে হবে।

(২) আবেদনপত্রে প্রার্থীর (ক) নাম (খ) পিতার নাম (গ) মাতার নাম (ঘ) স্থায়ী ঠিকানা (ঙ) বর্তমান ঠিকানা (চ) জন্ম তারিখ (ছ) জাতীয়তা (জ) শিক্ষাগত যোগ্যতা (ঞ) অভিজ্ঞতা এবং মোবাইল নম্বরসহ অন্যান্য তথ্যাদি উল্লেখপূর্বক নির্ধারিত ফরমে আবেদন করতে হবে।

(৩) আবেদনপত্র আগামী ২৪/১১/২০২৪ খ্রি: তারিখের মধ্যে উপজেলা নির্বাহী অফিসার ও সভাপতি, উপজেলা মডেল মসজিদ ও ইসলামিক সাংস্কৃতিক কেন্দ্রে জনবল নিয়োগ কমিটি, আখাউড়া, ব্রাহ্মণবাড়িয়া বরাবর অফিস চলাকালীন সময়ে ডাকযোগে অথবা সরাসরি পৌছাতে হবে। খামের উপর স্পষ্টভাবে পদের নাম লিখতে হবে।

(৪) আবেদনকারীর বয়স ২৪/১১/২০২৪ খ্রি: তারিখে উক্ত পদের জন্য অনূর্ধ্ব ৪৫ (পঁয়তাল্লিশ) বছর হতে হবে (সরকারের সর্বশেষ নীতিমালা অনুযায়ী)। অসম্পূর্ণ/ত্রুটিযুক্ত আবেদন এবং বিলম্বে প্রাপ্ত আবেদনসমূহ বাতিল বলে গণ্য হবে। বয়সের ক্ষেত্রে এফিডেভিট গ্রহণযোগ্য নয়।

(৫) আবেদনপত্রের সাথে নিম্নেবর্ণিত কাগজপত্রাদি সংযুক্ত করতে হবে।
(ক) পৌরসভা/ইউনিয়ন পরিষদ কর্তৃক প্রদত্ত নাগরিকত্ব সনদপত্র (খ) ১ম শ্রেণির গেজেটেড কর্মকর্তা কর্তৃক সত্যায়িত সদ্য তোলা পাসপোর্ট সাইজের ০৩(তিন) কপি রঙ্গিন ছবি (গ) ১ম শ্রেণির গেজেটেড কর্মকর্তা কর্তৃক প্রদত্ত চারিত্রিক সনদপত্রের মূলকপি (ঘ) জাতীয় পরিচয়পত্রের সত্যায়িত কপি (ঙ) সকল শিক্ষাগত যোগ্যতা এবং অভিজ্ঞতা সনদের ১ম শ্রেণির গেজেটেড কর্মকর্তা কর্তৃক সত্যায়িত কপি।

(৬) কোন প্রার্থী আখাউড়া উপজেলা মডেল মসজিদ ও ইসলামিক সাংস্কৃতিক কেন্দ্রে নিয়োগপ্রাপ্ত হওয়ার পর পুনরায় উক্ত পদে আবেদন করলে তাহলে যথাযথ কর্তৃপক্ষের নিকট হতে লিখিত অনুমতি সাপেক্ষে আবেদন করতে হবে। অন্যথায় তার আবেদন বাতিল বলে গণ্য হবে।

(৭) প্রার্থীকে লিখিত ও মৌখিক পরীক্ষায় অংশগ্রহণ করতে হবে। পরীক্ষায় অংশগ্রহণের জন্য কোন প্রকার টিএ/ডিএ প্রদান করা হবে না।

(৮) নিয়োগের ক্ষেত্রে সরকারি বিধিবিধান অনুসরণ করা হবে।

(০৯) আবেদনকারীকে আবেদনপত্রের সাথে ১০০০ (এক হাজার) টাকার পে-অর্ডার/ব্যাংক ড্রাফট (অফেরতযোগ্য) যে কোন তফসিলীভুক্ত ব্যাংক হতে উপজেলা নির্বাহী অফিসার, আখাউড়া, ব্রাহ্মণবাড়িয়া বরাবরে দাখিল করতে হবে।

(১০) এমপিওভুক্ত শিক্ষাপ্রতিষ্ঠানে কর্মরত কেউ আবেদন করতে পারবে না। মসজিদে দায়িত্ব পালনে ব্যাঘাত সৃষ্টি করে এমন কোন চাকুরীতে/সরকারের লাভজনক পদে নিয়োজিত কেউ আবেদন করতে পারবে না।

(১১) কোন তথ্য গোপন করে চাকুরীতে নিয়োগপ্রাপ্ত হলে এবং ভবিষ্যতে তথ্য গোপনের বিষয়টি প্রমাণিত হলে সংশ্লিষ্ট প্রার্থীর নিয়োগাদেশ বাতিল করে তার বিরুদ্ধে আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা হবে।

(১২) প্রার্থীকে লিখিত ও মৌখিক পরীক্ষায় অংশগ্রহণ করতে হবে।

(১৩) মৌখিক পরীক্ষার সময় সকল সনদের মূলকপি প্রদর্শন করতে হবে।

(১৪) আবেদনপত্র গ্রহণ, বাতিল ও সংরক্ষণসহ নিয়োগ বিজ্ঞপ্তির যে কোন অংশ পরিবর্তন ও সংশোধনের ক্ষমতা নিয়োগপ্রদানকারী কর্তৃপক্ষ সংরক্ষণ করেন এবং নিয়োগ প্রদানের ক্ষেত্রে কর্তৃপক্ষের সিদ্ধান্তই চূড়ান্ত বলে গণ্য হবে। কোন কারণ দর্শানো ব্যতিরেকে কর্তৃপক্ষ এই নিয়োগ বিজ্ঞপ্তি পরিবর্তন বা বাতিল করার ক্ষমতা সংরক্ষণ করেন।

০৩/১১/২০২৪

**গাজালা পারভীন রুহি**
উপজেলা নির্বাহী অফিসার
ও
সভাপতি
উপজেলা মডেল মসজিদ ও ইসলামিক
সাংস্কৃতিক কেন্দ্রে জনবল নিয়োগ কমিটি
আখাউড়া, ব্রাহ্মণবাড়িয়া।
ই-মেইল - unoakhaura@mopa.gov.bd

DG-1804/24 (10"×3)

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

**উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়**

ত্রিশাল, ময়মনসিংহ।

স্মারক নং: ১৬.০১.৬১০০.০২.১৭.৪৭৫.২৩- তারিখ : ০৪/০৯/২০২৪ খ্রি:

# পুন: নিয়োগ বিজ্ঞপ্তি

ময়মনসিংহ জেলার ত্রিশাল উপজেলা মডেল মসজিদ ও ইসলামিক সাংস্কৃতিক কেন্দ্রে নিম্নোক্ত পদে অস্থায়ী ভিত্তিতে জনবল নিয়োগের জন্য আগ্রহী প্রার্থীগণের নিকট হতে নিম্নোক্ত শর্তাবলী অনুসরণপূর্বক যোগ্য প্রার্থীদের নিকট হতে আবেদনপত্র আহ্বান করা যাচ্ছে।

| ক্রম | পদবি | পদ সংখ্যা | মাসিক সম্মানী (সর্বসাকুল্যে) | যোগ্যতা |
|---|---|---|---|---|
| ০১ | পেশ ইমাম | ০১ জন | ১৫,০০০/- টাকা | (ক) দ্বিতীয় শ্রেণির কামিল ডিগ্রী/দাওরায়ে হাদিস পাশ। কোন প্রতিষ্ঠানে খতিব, মুফতি বা মুহাদ্দিস হিসেবে ০৫ (পাঁচ) বছরের বাস্তব অভিজ্ঞতা থাকতে হবে।<br>(খ) হাফেজ-ই-কোরআন ও ইলমে ক্বিরাত-এর ওপর স্বীকৃত প্রতিষ্ঠান কর্তৃক সনদপ্রাপ্ত। হাফেজ-ই-কোরআন অগ্রাধিকার পাবেন।<br>(গ) আরবিতে কথা ও আরবিতে উপস্থিত খুতবা পাঠ এবং ইসলামের উপর গবেষণাধর্মী প্রকাশনা অতিরিক্ত যোগ্যতা হিসেবে বিবেচিত হবে। |
| ০২ | মুয়াজ্জিন | ০১ জন | ১০,০০০/- টাকা | (ক) দ্বিতীয় শ্রেণির আলিম অথবা সমমানের কওমী শিক্ষাগত যোগ্যতাসম্পন্ন স্বীকৃত বোর্ড/প্রতিষ্ঠান থেকে সনদধারী। সংশ্লিষ্ট ক্ষেত্রে/মুয়াজ্জিন হিসেবে ০৩ (তিন) বছরের বাস্তব অভিজ্ঞতা থাকতে হবে।<br>(খ) হাফেজ-ই-কোরআন ও ইলমে ক্বিরাত-এর ওপর স্বীকৃত প্রতিষ্ঠান কর্তৃক সনদপ্রাপ্তদের অগ্রাধিকার দেয়া হবে। |
| ০৩ | খাদিম | ০২ জন | ৭,৫০০/- টাকা | (ক) দ্বিতীয় শ্রেণির আলিম অথবা সমমানের কওমী শিক্ষাগত যোগ্যতাসম্পন্ন স্বীকৃত বোর্ড/প্রতিষ্ঠান থেকে সনদধারী।<br>(খ) শারীরিকভাবে সুস্থ ও সক্ষম হতে হবে।<br>(গ) সংশ্লিষ্টক্ষেত্রে/খাদিম হিসেবে ০১ (এক) বছরের বাস্তব অভিজ্ঞতা থাকতে হবে। |

**শর্তাবলী :**

০১. প্রার্থীকে অবশ্যই বাংলাদেশের স্থায়ী নাগরিক হতে হবে।

০২. আবেদনপত্রে প্রার্থীকে (ক) প্রার্থীর নাম (খ) পিতার নাম (গ) মাতার নাম (ঘ) স্থায়ী ঠিকানা (ঙ) বর্তমান ঠিকানা (চ) জন্ম তারিখ (ছ) বয়স (জ) জাতীয়তা (ঝ) মোবাইল নাম্বার (ঞ) শিক্ষাগত যোগ্যতা (ট) অভিজ্ঞতা উল্লেখপূর্বক স্ব-হস্তে সাদা কাগজে আবেদন করতে হবে।

০৩। আবেদনপত্রের সাথে নিম্নলিখিত কাগজপত্রসমূহ সংযুক্ত করতে হবে।

কালবেলা

(ক) পৌরসভা/ইউনিয়ন পরিষদ কর্তৃক নাগরিকত্ব সনদপত্রের সত্যায়িত কপি।

(খ) সদ্য তোলা পাসপোর্ট সাইজের ০৩ (তিন) কপি ছবি প্রথম শ্রেণির গেজেটেড কর্মকর্তা কর্তৃক সত্যায়িত।

(গ) প্রথম শ্রেণির গেজেটেড কর্মকর্তা কর্তৃক চারিত্রিক সনদপত্র।

(ঘ) সকল শিক্ষাগত যোগ্যতা ও অভিজ্ঞতা সনদের সত্যায়িত কপি।

(ঙ) জাতীয় পরিচয়পত্রের সত্যায়িত কপি।

০৪। আবেদনপত্র উপজেলা নির্বাহী অফিসার, ত্রিশাল, ময়মনসিংহ বরাবর **আগামী ১৯/০৯/২০২৪ তারিখের মধ্যে অফিস চলাকালীন সময়ে ডাকযোগে/সরাসরি দরখাস্ত পৌঁছাতে হবে। উল্লেখ্য যে, স্মারক নং: ১৬.০১.৬১০০.০২২.১৭.৪৭৫.২৩,৩১ তারিখ : ১৬/০৭/২০২৪ এর প্রেক্ষিতে যে সকল প্রার্থী আবেদন করেছেন, তাদেরকে পুনরায় আবেদন করার প্রয়োজন নেই।** আবেদনপত্রে ও খামের উপর অবশ্যই পদের নাম সুস্পষ্টভাবে লিখতে হবে। অসম্পূর্ণ, ত্রুটিজনিত এবং বিলম্বে প্রাপ্ত আবেদন বাতিল বলে গণ্য হবে।

০৫। আবেদন পত্রের সাথে পেশ ইমাম পদের জন্য ৫০০/- (পাঁচশত), মুয়াজ্জিন পদের জন্য ৪০০/- (চারশত) এবং খাদিম পদের জন্য ৩০০/- (তিনশত) টাকার অফেরৎযোগ্য ব্যাংক ড্রাফট/পে-অর্ডার উপজেলা নির্বাহী অফিসার, ত্রিশাল, ময়মনসিংহ বরাবরে সংযুক্ত করতে হবে।

০৬। বাছাইকৃত প্রার্থীদের পরীক্ষার তারিখ ও সময় পরবর্তীতে অবহিত করা হবে।

০৭। কোন প্রার্থী একাধিক পদে আবেদন করতে পারবে না। একাধিক পদে আবেদন করলে আবেদন বাতিল বলে গণ্য হবে।

০৮। প্রার্থীকে নির্বাচনী পরীক্ষায় অংশগ্রহণের জন্য কোন প্রকার টি.এ/ডি.এ প্রদান করা হবে না।

০৯। কোন তথ্য গোপন করে চাকুরীতে নিয়োগপ্রাপ্ত হলে বিষয়টি প্রমাণ সাপেক্ষে সংশ্লিষ্ট প্রার্থীর নিয়োগ বাতিল করে তার বিরুদ্ধে আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা হবে।

১০। যে কোন প্রকার তদবির/সুপারিশ প্রার্থীর অযোগ্যতা বলে বিবেচিত হবে।

১১। এ নিয়োগ এর ক্ষেত্রে মডেল মসজিদ ও ইসলামিক সাংস্কৃতিক কেন্দ্র পরিচালনা নীতিমালা ২০২১ এর সংশ্লিষ্ট বিধানবলী প্রযোজ্য হবে।

১২। আবেদনপত্র গ্রহণ, বাতিল ও সংরক্ষণসহ নিয়োগ বিজ্ঞপ্তির যে কোন অংশে পরিবর্তন ও সংশোধনের ক্ষমতা নিয়োগ প্রদানকারী কর্তৃপক্ষ সংরক্ষণ করে এবং নিয়োগ প্রদানের ক্ষেত্রে কর্তৃপক্ষের সিদ্ধান্ত চূড়ান্ত বলে গণ্য হবে। কোন কারণ দর্শানো ব্যতিরেকে কর্তৃপক্ষ এই নিয়োগ বিজ্ঞপ্তি পরিবর্তন বা বাতিল করার ক্ষমতা সংরক্ষণ করেন।

০৪/৯/২০২৪

(জুয়েল আহমেদ)
উপজেলা নির্বাহী অফিসার
ত্রিশাল, ময়মনসিংহ
ও
সভাপতি
উপজেলা মডেল মসজিদ পরিচালনা কমিটি
ত্রিশাল, ময়মনসিংহ।

জিডি-৭২৩/০৯/২৪ (৮"x৪)